



"Covid 19 Social Welfare Recognition" এর সম্মাননা হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
রোভার স্কাউট গ্রুপের ক্রেস্ট গ্রহণ



বাংলাদেশের বিশ্ববিদ্যালয় ভিত্তিক ক্লাবগুলোকে নিয়ে Excellence Bangladesh এর উদ্যোগে বাস্তবায়িত হলো ২ দিন (০৬-০৭ নভেম্বর) ব্যাপি 'Midas Financing Limited' presents 'Campus Club Summit 2020' in association with The Daily Star. যেখানে একটা গুরুত্বপূর্ণ অংশ ছিলো- করোনা কালীন সময়ে (মার্চ থেকে আগস্ট) যে ক্লাবগুলো নিজেদের জায়গা থেকে এমন কিছু করে দেখিয়েছে যা তাদের নিজেদের, সমাজের এবং আশেপাশের মানুষের উপকারে এসেছে তাদের মূল্যায়ন করে সেরা ৫ টি ক্লাবকে দেওয়া হবে "Covid 19 Social Welfare Recognition" এর সম্মাননা। এই ক্যাটাগরিতে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং প্রায় সবগুলো প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ৩৫০+ ক্লাব অংশগ্রহণ করে এবং সেখানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সবার থেকে এগিয়ে এবং সবচেয়ে সেরা হিসেবে স্বীকৃতি লাভ করে ক্রেস্ট অর্জন করে।



এই উপলক্ষে ৭ জানুয়ারি ২০২১-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাৎ করে। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, পরিচালক (অর্থ ও হিসাব) সহ রোভার স্কাউট লিডারবৃন্দ উপস্থিত ছিলেন।